

১। বাঙালির সনে মিশে প্রাণে প্রাণে
থাকিব সতত জীবনে মরণে
বাঙালি আমার আপনার জন
বাঙালি আমার ভাই।

ক) ‘শমন’ শব্দের অর্থ কী?

খ) ‘মক্ষিকাও গলে না গো পড়িলে অমৃত হ্রদে’- ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের কবিতাংশের প্রত্যাশা ও কবির প্রত্যাশার তুলনা কর।

ঘ) ‘উদ্দীপকের কবিতাংশ ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার সামগ্রিক ভাবকে প্রকাশ করেনি’- তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও।

২। তবু হয় ভুলে যাই বারে বারে,
দূরে এসে ঘর চাই বাঁধিবারে-
অপরের বাঁধা ঘরেতে কি পারে
ঘরের বাসনা মিটাতে?
প্রবাসীর বেশে কেন ফিরি হয়
চিরজনমের ভিটাতে।

ক) মাইকেল মধুসূদন দত্তের মহাকাব্য কোনটি?

খ) ‘চিরস্থির কবে নীর, হয় রে, জীবন নদে’- বলতে কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের বক্তব্য ও ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের বক্তব্য ও ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার মূলভাবকে ধারণ করেছে কি? বিশ্লেষণ কর।

৩। জন্ম আমার ধন্য হলো, মাগো
এমন করে আকুল হয়ে আমায় তুমি ডাকো।
তোমার কথায় হাসতে পারি,
তোমার কথায় কাঁদতে পারি
মরতে পারি তোমার বুকে
বুকে যদি রাখো, মাগো।

ক) ‘কোকনদ’ শব্দের অর্থ কী?

খ) ‘জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে’- এ কাথার মাধ্যমে কবি কী বোঝাতে চেয়েছেন?

গ) উদ্দীপকে ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ) “উদ্দীপক ও ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার মূলভাব একই অনুভূতি থেকে উৎসারিত।”-উক্তিটি বিশ্লেষণ কর।